



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd



স্মারক ন.-৩৭.০৪.০০০০.৩০০.২৫.০৩৪.২২/ ৮৮৩

তারিখ ২৩/১১/১৪৬০ ব.
০২/০৪/২০২৪ খ্রি.

বিষয় : গ্রন্থাগার পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৪ বৈশাখ ১৪৩১ থেকে ০৬ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ/ ০৭ থেকে ২০ মে ২০২৪ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয়ধীন বিভিন্ন সরকারি এবং এমপিওভুক্ত বেসরকারি মাধ্যমিক পর্যায়ের বিদ্যালয়ে কর্মরত সহকারী শিক্ষক (গ্রন্থাগার বিজ্ঞান) গণের জন্য আয়োজিত "৫ম গ্রন্থাগার পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স" অনুষ্ঠিত হবে। এ কোর্সে অংশগ্রহণের জন্য তাঁর আওতাধীন জেলাসমূহের উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান থেকে সহকারী শিক্ষক (গ্রন্থাগার বিজ্ঞান) গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমাদারী -----জন প্রশিক্ষণার্থী মনোনয়ন দেওয়ার জন্য অনুরোধ করা হলো। মনোনীত প্রশিক্ষণার্থীগণের নাম, পদবি, প্রতিষ্ঠানের নাম এবং তাঁদের মোবাইল নম্বরসহ তালিকা আগামী ২৮ এপ্রিল ২০২৪ এর মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এবং ই-মেইল rafiquel.naem@gmail.com এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো। মনোনয়নের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরিত পত্রে নিম্নোক্ত শর্তসমূহ অবশ্যই উল্লেখ করতে হবে;

১. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক ন. মাউশি প্র/বা-ইউ/৫২৮০, তারিখ : ১০/০১/১৯৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫, তারিখ: ০৭/০৩/২০১৬ খ্রি: অনুসারে মনোনীত কর্মকর্তাদের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরু দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত (Stand Release) বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
২. সরকারি বিদ্যালয়ে যাঁদের বয়স ৫৬ বছর অতিক্রম করেছে এবং বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে যাঁদের বয়স ৫৭ বছর অতিক্রম করেছে, তাঁদের এ প্রশিক্ষণে অংশগ্রহণ করার প্রয়োজন নেই।
৩. কোর্সে অংশগ্রহণকারীকে প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে মাসিক বেতন উল্লেখপূর্বক এমপিও এর কপি, ব্যক্তিগত ই-মেইল আইডি এবং ১০ টাকা মূল্যমানের রেজিনিউ স্ট্যাম্প সংগে আনতে হবে।
৪. প্রশিক্ষণকালে নায়েম হোস্টেলে আবাসন শূন্য থাকে সাপেক্ষে বরাদ্দ দেওয়া যেতে পারে।
৫. প্রশিক্ষণকালীন থাকার, খাওয়া ও শিক্ষা সফর খরচ বাবদ জনপ্রতি কমপক্ষে মোট ১৫,০০০/= (পনেরো হাজার) টাকা সঙ্গে আনতে হবে।
৬. অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণ সরকারি বিধি মোতাবেক দৈনিক ভাতা ও ভ্রমণ ভাতা পাবেন। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীকে এ অফিসে ভ্রমণ ও দৈনিক ভাতার বিল পেশ করতে হবে। এই বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অনলাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীদের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে।
৭. প্রশিক্ষণার্থীকে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ছাড়পত্র, জাতীয় পরিচয় পত্রের অনুলিপি, সাম্প্রতিক তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি এবং Education Institute Identification Number (EIIN) এর কপি সঙ্গে আনতে হবে।
৮. প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের বিষয়টি কোর্স সমন্বয়কের ই-মেইল rafiquel.naem@gmail.com অথবা কোর্স সমন্বয়ক ড. মো. আবদুর রহমান মিয়া (০১৭১১০০৬৭৭৩) অথবা জনাব মো: রফিকুল ইসলাম আকন্দ (০১৫৫৬৩৫১২০৫) এর সেল ফোনে ৩০ এপ্রিল ২০২৪ এর মধ্যে নিশ্চিত করতে হবে।
৯. যিনি বিগত তিন বছরের মধ্যে এ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাঁর এ প্রশিক্ষণে আসার প্রয়োজন নাই।
১০. মনোনীত প্রশিক্ষণার্থী ২৪ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ / ০৭ মে ২০২৪ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার সকাল ০৯.০০ টায় নায়েম-এর প্রশাসনিক ভবনের নিচতলায় ওয়ান-স্টপ-সার্ভিস পয়েন্ট-এ রেজিস্ট্রেশন করতে হবে।
১১. মনোনীত প্রশিক্ষণার্থীগণ কোর্স শুরুর অন্তত: ০৩ (তিন) দিন পূর্বে নায়েম ওয়েব সাইট www.naem.gov.bd-এর প্রশিক্ষণ মেন্যুর-অনলাইন রেজিস্ট্রেশন থেকে ফরম পূরণপূর্বক কোর্সে যোগদান করবেন।

প্রাপক :

স্মারক ন.- ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০৩৪.২২/ ৮৮৩ (২৬)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ শিক্ষা ভবন, ঢাকা
- ৩-৬. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন / প্রশিক্ষণ ও বাস্তবায়ন/ গবেষণা ও তথ্যায়ন/ প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা
৭. পরিচালক, (ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল/খুলনা/কুমিল্লা/রংপুর/ময়মনসিংহ/সিলেট অঞ্চল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৮. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা
৯. হোস্টেল সুপারিন্টেনডেন্ট (মুক্তিযোদ্ধা/সোনার বাংলা, শহীদ জননী), নায়েম, ঢাকা
১০. কম্পিউটার প্রোগ্রামার, নায়েম, (আমন্ত্রণপত্র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১১. ডকুমেন্টেশন অফিসার, নায়েম
১২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম
১৩. অফিস নথি


(প্রফেসর মো. খোরশেদ আলম)

পরিচালক

প্রশিক্ষণ ও বাস্তবায়ন

ফোন : ০২-৫৫১৬৭৫৩০

info@naem.gov.bd

তারিখ ২৩/১১/১৪৬০ ব.
০২/০৪/২০২৪ খ্রি.



(ড. সুনীল কুমার হাওলাদার)

প্রশিক্ষণ বিশেষজ্ঞ, নায়েম

ও

কোর্স পরিচালক

৫ম গ্রন্থাগার পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স

মোবাইল : ০১৫৫৪৩১১৮৫৭